দৈনিক বাংলা

তারিখ ... 16 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

৭১

# ইসলামী ভার্সিটি শিক্ষক সমিতি নির্বাচনে সবুজ প্যানেল জয়ী

— নিজস্ব সংবাদদাতা : কুষ্টিয়া, ১৫ ডিসেম্বর।— শুক্রবার ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাহী পরিষদের নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থিত শিক্ষকদের সমন্বয়ে গঠিত সবুজ প্যানেল ১৪টি পদের মধ্যে ১৩টিতে জয়লাভ করে। একমাত্র সহসভাপতি পদে বাম ও আওয়ামী লীগপন্থী শিক্ষকদের সমন্বয়ে গঠিত শাপলা প্যানেলের প্রার্থী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন।

সবচেয়ে বেশী ৭৪ ভোট পেয়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা ও ইংরেজী বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ সিরাজুল হক সভাপতি এবং আরবী ভাষা ও সাহিত্য বিভাগের সহকারী অধ্যাপক নেসারউদ্দীন আহমদ সম্পাদক এবং আফাজউদ্দীন কোষাধ্যক্ষ নির্বাচিত হন।

দশটি সদস্য পদে সবুজ প্যানেলের প্রার্থীরা বিজয়ী হন।